

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪  
সিএন্ডএফ এজেন্টস হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net  
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৭৪/২০১৭

তারিখ : ১৯/১২/২০১৭খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (নিরাপত্তা) চবক এর দপ্তরাদেশ নামা নং-৩৪৪/২০১৭ তারিখঃ চট্টগ্রাম, ১৮, ডিসেম্বর, ২০১৭ ইংরেজী সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ মুছা)  
সচিব

### চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (নিরাপত্তা)/ চবক এর দপ্তরাদেশ নামা নং-৩৪৪/২০১৭

তারিখ, চট্টগ্রামঃ ১৮, ডিসেম্বর, ২০১৭ইংরেজী।

সূত্র :

ক। পরিচালক (নিরাপত্তা)/ চবক এর দপ্তরাদেশ নামা নং-২৭৩/২০১৭ তারিখ- ১৬ অক্টোবর, ২০১৭ইংরেজী।

১। সূত্র দপ্তরাদেশের মাধ্যমে বন্দর ব্যবহারকারী হিসেবে সরকারী, বেসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও বন্দর সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী এবং নিয়োজিত শ্রমিকদের অনুকূলে চবক এর নিরাপত্তা বিভাগ হতে ইস্যুকৃত Port Entry Pass সমূহ আগামী এক বছরের জন্য (০১/০১/২০১৮ইং থেকে ৩১/১২/২০১৮ইং পর্যন্ত) নবায়ন কার্যক্রম আগামী ৩১ ডিসেম্বর ২০১৭ইং তারিখের মধ্যে সম্পন্ন করার অনুরোধ করতঃ উক্ত সময় সীমার মধ্যে নবায়ন করা না হলে পরবর্তীতে জরিমানাসহ নির্ধারিত ফি পরিশোধপূর্বক নবায়ন করতে হবে মর্মে উল্লেখ করা হয়।

২। উপরোক্ত বর্ণনানুযায়ী সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য পুনরায় জানানো যাচ্ছে যে, জারীকৃত দপ্তরাদেশনামায় বর্ণিত তারিখ অর্থাৎ আগামী ৩১ ডিসেম্বর ২০১৭ইং তারিখের মধ্যে উক্ত নবায়ন কার্যক্রম সম্পন্ন না হলে Automatic Gate Access Control System এ ইস্যুকৃত Port Entry Pass সমূহ স্বয়ংক্রিয়ভাবে ব্লক হয়ে যাবে বিধায় নির্ধারিত তারিখের মধ্যে নবায়ন কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য, কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীর নামে ইস্যুকৃত Port Entry Pass আংশিক নবায়ন করা হবে না বরং Port Entry Pass নবায়ন/বাতিলের মাধ্যমে হালনাগাদ করতে হবে।

স্বাঃ/-  
পরিচালক(নিরাপত্তা)  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ  
তারিখ-১৮/১২/২০১৭ইং।

নং-১৮.০৪.০০০০.১৩২.১৮.০৭(লাঃশাঃ).১৬/১২৩৮